দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 17 APR 1989
পৃষ্ঠা 4 কলাম 5

025

# পরীক্ষার খাতায় শত্রুতা উদ্ধার

ঝালকাঠি, ১৬ এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।— খাতায় দাগ কেটে এখন জেল হাজতে। ঝালকাঠি জেলার রাজাপুর এসএসসি পরীক্ষা কেন্দ্রে সাচিলাপুর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মোঃ মনজুর আলম রোল নম্বর-৪৮২ পরীক্ষা দিচ্ছিল। কিন্তু গত ২ এপ্রিল বাণিজ্যিক ভূগোল পরীক্ষার লেখা শেষ করে উত্তরপত্র জমা দেওয়ার পূর্ব মুহূর্তে বাদুরতলা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ আমিনুল ইসলাম হঠাৎ কক্ষে প্রবেশ করে মনজুর আলমের উত্তরপত্রে কলম দিয়ে কাটা দিতে থাকে। এক পর্যায়ে হল পরিদর্শক তার এ কাণ্ড দেখে তাকে হাতেনাতে ধরে ফেলে এবং তাকে পুলিশে সোপর্দ করে। পরীক্ষার্থী মনজুর আলমের সাথে শিক্ষক আমীনুল ইসলামের পারিবারিক কলহ রয়েছে বলে জানা যায়। সন্দেহ করা হচ্ছে, গত ২৭ মার্চ অনুষ্ঠিত বিজ্ঞান দ্বিতীয় উত্তরপত্রেও এভাবে আক্রোশমূলকভাবে উক্ত শিক্ষক কাটাকাটি করেছে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জানানো হয়েছে।